# সরকারি তোলারাম কলেজ

নারায়ণগঞ্জ

ফোন ঃ অধ্যক্ষ - ৭৬৩০৩৬১, বোর্ড EIIN - ১১২৪৭৮, বোর্ড কলেজ কোড ঃ ২৫০০, জাঃ বিঃ বিঃ কোড ঃ ৫৬০১
ই-মেইল ঃ info@tolaramcollege.edu.bd, ওয়েব সাইট ঃ www.tolaramcollege.edu.bd

স্মারক নং-সতোক/ ৮-০২/২০২৫ তারিখঃ ০৭/১০/২০২৫

## ক্যান্টিন বরাদ্দের দরপত্র

সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ-এর ক্যান্টিন- পরিচালনার জন্য মাসিক ভাড়া পরিশোধ পদ্ধতিতে অস্থায়ী ভাবে বরাদ্দ দেওয়া হবে। ক্যান্টিনে ছাত্র-ছাত্রী, সম্মানিত শিক্ষক মন্ডলী, কর্মকর্তা ও কর্মচারীদের চাহিদার ভিত্তিতে মানসম্মত খাবার, নাস্তা, চা, কফি ও অন্যান্য বৈধ সামগ্রী' বিক্রয় করা যাবে। ক্যান্টিনের বরাদ্দ পেতে আগ্রহী 'ক্যান্টিন' পরিচালনায় অভিজ্ঞ ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট থেকে নিজস্ব প্যাডে নিম্নোক্ত শর্তে Request for Quotation পদ্ধতিতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র প্রস্তাব ডাউনলোড বা ফটোকপি করে প্রয়োজনীয় অংশ পূরণ করে ১২/১০/২০২৫ তারিখ দুপুর ০২:০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দিতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রেরিত/প্রাপ্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে ।

### সাধারণ শর্ত সমূহ ঃ

১. ক্যান্টিনে স্বাস্থ্যকর পরিবেশ সংরক্ষণ করতে হবে এবং মানসম্মত খাবার পরিবেশন করতে হবে।
২. ক্যান্টিনের খাবারের দাম প্রচলিত বাজারদরের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
৩. খাবারের মূল্য তালিকা দেয়ালে বা দৃশ্যমান স্থানে ঝুলাইয়া রাখতে হবে। কলেজ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কোন খাবারের দাম বৃদ্ধি করা যাবে না।
৪. ক্যান্টিনের মাসিক ভাড়া ৩ (তিন) মাসের অগ্রীম প্রদান করতে হবে।
৫. ক্যান্টিনের মাসিক ভাড়া ন্যূনতম ৩,০০০/- (তিন হাজার) টাকা।
৬. ক্যান্টিনের বিদ্যুত বিল ও গ্যাস বিল নিয়মিত পরিশোধ করতে হবে।
৭. সিলিন্ডার গ্যাস ও অন্যান্য জ্বালানি নিজস্ব ব্যবস্থাপনায় ব্যবস্থা করতে হবে।
৮. অত্র কলেজের ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী ব্যতীত বহিরাগতদের প্রবেশে ক্যান্টিন পরিচালনাকারী কর্তৃপক্ষ বিধিনিষেধ আরোপ করবে।
৯. কোন রাজনৈতিক কার্যক্রম ও রাষ্ট্র বিরোধী কার্যক্রম, মিছিল, মিটিং ক্যান্টিন এলাকায় নিষিদ্ধ থাকবে।
১০. বিনা অনুমতিতে কলেজের কোন মালামাল ক্যান্টিনে ব্যবহার ও ক্ষয়ক্ষতি করা যাবে না।
১১. বিনা নোটিশে কলেজ কর্তৃপক্ষ যে কোন সময় এ চুক্তি বাতিল বা ক্যান্টিন বন্ধ করতে পারবে।
১২. ক্যান্টিনের লাভ বা ক্ষতি ক্যান্টিন পরিচালনাকারী কর্তৃপক্ষের।
১৩. ক্যান্টিন পরিচালনাকারীর বৈধ ট্রেড লাইসেন্স থাকতে হবে।
১৪. অন্যান্য বৈধ সকল কাগজপত্র থাকতে হবে।
১৫. কলেজের একটি কমিটি নিয়মিতভাবে ক্যান্টিন মনিটরিং করবেন।
১৬. কোন কর্মচারী ক্যান্টিনে বসবাস করতে পারবে না।
১৭. রমজান মাসে রোজার পবিত্রতা রক্ষা করার জন্য ক্যান্টিন খোলা রাখা যাবে না। এ জন্য রমজান মাসের ভাড়া মওকুফ থাকিবে।
১৮. ক্যান্টিন চলাকালীন ক্যান্টিনের সরবারহকৃত খাদ্যের গুনাগুন মান যাচাই করার জন্য কলেজ কর্তৃপক্ষ কর্তৃক মনোনিত প্রতিনিধি যে কোন সময়ে ক্যান্টিনে প্রবেশ করিয়া খাদ্যমান পরীক্ষা করতে পারবেন।
১৯. ক্যান্টিনের কোন অংশ সাবলেট দিতে পারবেন না। বাহিরে সাইন বোর্ড বা লিফলেট লাগানো যাবে না।

### অন্যান্য শর্ত সমূহ ঃ

১. সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠানের সঙ্গে কলেজ কর্তৃপক্ষের ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদিত হবে।
২. চুক্তির মেয়াদ হবে ১ (এক) বছর। কর্তৃপক্ষ সন্তোষজনক মনে করলে প্রতি বছর চুক্তি নবায়ন করবেন।
৩. ক্যান্টিন- বরাদ্দ পেতে আগ্রহীদের মধ্যে থেকে সর্বোচ্চ মাসিক ভাড়া প্রস্তাবকারী ও বৈধ প্রয়োজনীয় কাগজপত্রের অধিকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে চুক্তি সম্পাদনের জন্য মনোনীত করা হবে। মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের পূর্বে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত হিসেবে ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।
৪. মাসিক ভাড়া ন্যূনতম ৩,০০০/-(তিন হাজার) টাকা বা তার চেয়ে বেশি টাকা প্রস্তাব করতে হবে। অন্যথায় প্রস্তাব বাতিল বলে গণ্য হবে।
৫. চুক্তিপত্র স্বাক্ষরের পর ক্যান্টিন পরিচালনার জন্য অনুমতি পত্র গ্রহণ করতে হবে। অনুমতি পত্রে উল্লেখিত তারিখ থেকে চুক্তির কার্যকারিতা শুরু হবে।
৬. ক্যান্টিনের সার্বিক পরিবেশ উন্নয়নের জন্য বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠান কলেজ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ বা সংস্কার কাজ করতে পারবে তবে তা কখনো ভেঙ্গে ফেলা বা নষ্ট করা যাবে না, বা পরবর্তীতে দাবি রাখা যাবে না।
৭. কলেজ কর্তৃপক্ষ প্রয়োজনীয় সংস্কার বা নির্মাণ কাজ করতে পারবে ।

উপরোক্ত শর্তসমূহ মেনে নিম্নোক্ত ছকে দরপত্র প্রস্তাব প্রেরন করা যাবে (কপি সংযুক্ত)।

০৭/১০/২০২৫

(প্রফেসর বিমল চন্দ্র দাস)
আইডি নম্বর: ১২৫১
অধ্যক্ষ

# দরপত্র প্রস্তাব

তারিখঃ .......................

বরাবর

**অধ্যক্ষ**
সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ

**বিষয়: ক্যান্টিন পরিচালনার জন্য বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে দরপত্র প্রস্তাব।**

জনাব,
আমি.....................................................................................................................................
মেসার্স/ব্যক্তি.........................................................................................................এর পক্ষে
সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ-এর ক্যান্টিন পরিচালনার জন্য বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে উল্লেখিত শর্তে সম্মত হয়ে প্রস্তাব করছি।

১। প্রস্তাবিত মাসিক ভাড়া অংকে........................................কথায়...........................................................
২। বাৎসরিক ভাড়া = ১২ x .....................=..........................
৩। জামানত: ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা চুক্তি স্বাক্ষরের পূর্বে জমা করিব।

অতএব মহোদয়ের নিকট আবেদন
মেসার্স/মোঃ.........................................................................................................................কে
সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ-এর ক্যান্টিন পরিচালনার লক্ষ্যে অস্থায়ী বরাদ্দ দানে আপনার মর্জি হয়।

সংযুক্ত কাগজপত্র:
১। জাতীয় পরিচয়পত্র।
২। ট্রেড লাইসেন্স।
৩। ছবি ২ কপি।
৪। TIN সার্টিফিকেট
৫। VAT রেজিস্ট্রেশন সার্টিফিকেট
৬। Bank Solvency Certificate

নিবেদক

...............................